

💵 দৈনন্দিন জীবনে ইসলাম [যাকাত অধ্যায়]

বিভাগ/অধ্যায়ঃ জমিতে উৎপাদিত ফল ও ফসলের যাকাত রচয়িতা/সঙ্কলকঃ শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

যে সকল শস্যের যাকাত ফরয

যে সকল শস্য জমিতে উৎপন্ন হয় তা যদি মানুষের সাধারণ খাদ্য হিসাবে বিবেচিত হয় এবং তা ওযন ও গুদামজাত করা যায়, সে সকল শস্যেই কেবল যাকাত ফরয। হাদীছে এসেছে,

عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ قَالَ إِنَّمَا سَنَّ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم الزَّكَاةَ فِيْ هَذِهِ الأَرْبَعَةِ الْحِنْطَةِ وَالشَّعِيْرِ وَالزَّبِيْبِ وَالتَّمْرِ ــ

ওমর ইবনুল খাত্ত্বাব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) গম, যব, কিসমিস এবং খেজুর এই চারটি শস্যের যাকাত প্রবর্তন করেছেন।[1]

অন্য হাদীছে এসেছে,

عَنْ مُوسَى بْنِ طَلْحَةَ قَالَ عِنْدَنَا كِتَابُ مُعَاذٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ إِنَّمَا أَخَذَ الصَّدَقَةَ مِنَ الْحِنْطَةِ وَالشَّعِيْرِ وَالزَّبِيْبِ وَالتَّمْرِ ــ

মূসা ইবনু ত্বালহা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) কর্তৃক মু'আয (রাঃ)-এর নিকট প্রেরিত পত্র আমাদের নিকট ছিল। যাতে তিনি গম, যব, কিসমিস ও খেজুরের যাকাত গ্রহণ করেছেন।[2]

উল্লিখিত হাদীছদ্বয়ে বর্ণিত চারটি শস্যের যাকাতের কথা বলা হলেও এই চারটিকেই নির্দিষ্ট করা হয়নি। বরং ওযন ও গুদামজাত সম্ভব সকল শস্যই এর অন্তর্ভুক্ত। যেমন ধান, ভুটা ইত্যাদি।

অতএব গুদামজাত অসম্ভব এমন শস্যের যাকাত ফরয নয়। যেমন শাক-সবজি বা কাঁচা মালের কোন যাকাত (ওশর) নেই। রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, ثَلَيْسَ فِي الْخَصْرُوَاةِ زَكَاةٌ زَكَاةٌ وَنَيْ مَالٍ حَتَّى يَحُوْلَ عَلَيْهِ الْحَوْلُ عَلَيْهِ الْعَلَيْمِ الْحَوْلُ عَلَيْهِ الْحَوْلُ عَلَيْهِ الْحَوْلُ عَلَيْهِ الْحَوْلُ عَلَيْهِ الْحَوْلُ عَلَيْهِ الْحَوْلُ عَلَيْهِ الْعَلْمُ عَلَيْهِ الْعَلْمُ عَلَيْهِ الْعَلْمُ عَلَيْهِ الْعَلْمُ عَلَيْهِ اللْعِلْمُ عَلَيْهِ الْعَلْمُ عَلَيْهِ الْعَالِمُ عَلَيْهِ الْمُعَالِمُ عَلَيْهِ الْمُعَالِمُ عَلَيْهِ الْعَالِمُ عَلَيْهِ الْعَلْمُ عَلَيْهِ الْعَلْمُ عَلَيْهِ الْمُعْلَى عَلَيْهِ عَلَيْهِ الْمُعْلَى عَلَيْهِ عَلَى الْعَلْمُ عَلَيْهِ الْمُعَلِمُ عَلَيْهِ عَلَيْهِ الْمُعَلِيْمُ عَلَيْهِ الْمُعْلِمُ عَلَيْهِ عَلَيْهِ الْمُعْلِمُ عَلَيْهِ الْمُعْلِمُ عَلَيْهِ الْمُعْلِمُ عَلَيْهِ الْمُعْلِمُ عَلَيْهِ عَلَيْهِ الْمُعَلِمُ عَلَيْهِ عَلَيْمُ الْمُعَلِمُ عَلَيْهِ عَلَيْهِ الْمُعْلَمُ عَلَيْهِ ع

ফুটনোট

- [1]. সুনানুদ দারাকুতনী হা/১৯৩৬; সিলসিলা ছহীহা হা/৮৭৯।
- [2]. মুসনাদে আহমাদ হা/২২০৪১; সিলসিলা ছহীহা, হা/৮৭৯।
- [3]. ছহীহ জামেউছ ছগীর হা/৫8১১, আলবানী, সনদ ছহীহ।



[4]. তিরমিয়ী হা/৬৩২; ইবনু মাজাহ হা/১৭৯২; আলবানী, সনদ ছহীহ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3321

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন